

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 28 June, 2025

চলতি বছরের রথযাত্রা উৎসব শান্তিপূর্ণ, সুশৃঙ্খল ও ভক্তিময় পরিবেশে সফলভাবে সম্পন্ন হওয়ায় সরকার ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছে ইন্টারন্যাশনাল সোসাইটি ফর কৃষ্ণ কনশাসনেস (ইসকন) বাংলাদেশ।

শনিবার (২৮ জুন) গণমাধ্যমে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে ইসকন বাংলাদেশ জানায়, শ্রী শ্রী জগন্নাথ, বলদেব, সুভদ্রা মহারাণী ও সুদর্শন মহারাজের পবিত্র রথযাত্রা উৎসব ২০২৫ সুশৃঙ্খল ও উৎসবমুখর পরিবেশে পালিত হয়েছে।

বিজ্ঞপ্তিতে উৎসব সফলভাবে আয়োজনের জন্য অন্তর্বর্তীকালীন সরকার, প্রশাসন, পুলিশ, র্যাব, গোয়েন্দা সংস্থা, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিদ্যুৎ বিভাগ, স্বাস্থ্য বিভাগ, ফায়ার সার্ভিস ও সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়েছে।

এছাড়া রথযাত্রা উপলক্ষে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন, দেশি-বিদেশি গণমাধ্যম, স্বেচ্ছাসেবক ও সাধারণ জনগণের সহযোগিতা এবং সমর্থনকেও অত্যন্ত প্রশংসনীয় বলে উল্লেখ করা হয়েছে।

ইসকন বাংলাদেশ আশাবাদ ব্যক্ত করেছে, এ ধরনের ধর্মীয় ও সাংস্কৃতিক উৎসব দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি, পারস্পরিক সহযোগিতা এবং জাতীয় ঐক্যকে আরও সুদৃঢ় করবে।

বিজ্ঞপ্তির শেষাংশে বলা হয়, "শ্রী শ্রী জগন্নাথদেব সকলের জীবনে শান্তি, কল্যাণ ও সমৃদ্ধি বর্ষণ

করুন। বাংলাদেশ একটি উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত হোক—এই আমাদের প্রার্থনা।

রথযাত্রা উৎসব শ্রী শ্রী জগন্নাথ রথযাত্রা উৎসব ২০২৫ ইসকন ইসকন বাংলাদেশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:13

URL: <https://www.timestodaybd.com/national/3831775807>